ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২০.২০১.২২ নথির বিষয়: Construction of toilet at Sarulia Ansar camp of SWTP.

নোট: ১ নোটের বিষয়: **Construction of toilet at Sarulia Ansar camp of SWTP.**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৬/১২/২২ ৩:১৫ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক নং ০১ থেকে ০৫ পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। শীতলক্ষ্যা নদীর পানি সারুলিয়া ইনটেক পাম্পিং স্টেশন এর মাধ্যমে প্রতিদিন ৫০ কোটি লিটার পানি সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ২ তে "র" ওয়াটার হিসেবে আসে এবং অপরিশোধিত পানি পরিশোধন করে প্রতিদিন ৪৫ কোটি লিটার পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সারুলিয়া ইনটেক পাম্পিং স্টেশনে আনসাররা ২৪ ঘন্টা নিরাপত্তা কাজে নিয়োজিত এবং তারা ইনটেক পাম্পিং স্টেশন কম্পাউন্ডে বসবাস করে। উল্লেখ্য যে, সারুলিয়া ইনটেক পাম্পিং স্টেশনে ৮ জন আনসার ও ৪ জন আউটসোর্সিং জনবল রয়েছে। তাদের একটি টয়লেট আছে , যা চাহিদার তুলনায় অপ্রতুল। আউটসোর্সিং জনবল কম্পাউন্ড পরিষ্কারকরণ,ম্যানুয়ালী স্ক্রীন পরিষ্কার,নদীর তীরের ময়লা আবর্জনা পরিষ্কার করণের কাজ ২৪ ঘন্টা করে থাকে। আনসার এবং আউটসোর্সিং জনবলের বসবাস উপযোগী করার জন্য একটি টয়লেট নির্মাণ করা জরুরী প্রয়োজন। কাজটি করার জন্য বর্তমান বাজার দর এবং পিডব্লিউডি-২০২২ এর রেট সিডিউল অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হল (ক্রমিক নং -০৫ দ্রঃ) । প্রাক্কলিত টাকার পরিমান সর্বমোট টাকা ৩,৩৬,২২৯.০৬০ (তিন লক্ষ ছত্রিশ হাজার দুইশত উনত্রিশ দশমিক শূণ্য ছয় শূণ্য) মাত্র। কাজটির ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) এর Plant O & M খাত হতে ২০২২-২০২৩ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- 124 এর UUWG-1 হতে নির্বাহ করা যেতে পারে। যা পরবর্তীতে সংশোধিত পরিকল্পনায় অর্ন্তভুক্ত করা হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৬/১২/২২ ৩:১৯ অপরাহ্ন

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা- ২০০৮ এর ৬৩(১) ধারায় সীমিত দরপত্র পদ্ধতি LTM (e-GP) তে দরপত্র আহ্বানের মাধ্যমে করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৫):
১। সাপাশো (রক্ষণাবেক্ষণ) বিভাগের ২০২২-২০২৩ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।.
২। লে-আউট নক্সা।.
৩। আলোচ্য কাজের নক্সা।.
৪। রেট সিডিউলের কপি।.
৫। ক্যালকুলেশন ও প্রাক্কলন ।.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৬/১২/২২ ৩:২১ অপরাহ্ন

এমতাবস্থায়, Construction of toilet at Sarulia Ansar camp of SWTP. শীর্ষক কাজটি সম্পাদনের জন্য উপস্থাপিত টাকা ৩,৩৬,২২৯.০৬০ (তিন লক্ষ ছত্রিশ হাজার দুইশত উনত্রিশ দশমিক শূণ্য ছয় শূণ্য) মাত্র প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩(১) ধারায় সীমিত দরপত্র পদ্ধতি LTM (e-GP) তে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের অনুমোদন দেয়া যেতে পারে।

২৬/১২/২২ ৩:২২ অপরাহ্ন ফজিলা খাতুন উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৬/১২/২২ ৪:৫৮ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৬/১২/২২ ৫:০৭ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	~~২৭/১২/২২ ৫:৩২ অপরাহ্ন~~ ~~মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~ ~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৭/১২/২২ ৫:৩২ অপরাহ্ন

উপরোক্ত বর্ননার আলোকে অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাব সদয় অনুমোদনের সুপারিশ করা হল।

২৭/১২/২২ ৫:৩২ অপরাহ্ন মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	~~২/১/২৩ ১০:৩৪ পূর্বাহ্ন~~ ~~মোঃ কামরুল হাসান~~ ~~প্রধান প্রকৌশলী~~ ~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২/১/২৩ ১০:৩২ পূর্বাহ্ন

অনুমোদিত

২/১/২৩ ১০:৩৪ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	২/১/২৩ ১১:৪৯ পূর্বাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৯/১/২৩ ৯:৫৯ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৩০/১/২৩ ২:৪৫ অপরাহ্ন ফজিলা খাতুন উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)